

আলেকের রাজু আমার ভাই

অ্যাকশন হিরো হিসেবে চলচ্চিত্রে আগমন ঘটেছিল আলেকজান্ডার বোর। আলেক



তার সেই ধারা এখনও অব্যাহত রেখেছেন। আলেক এখন অভিনয় করছেন পরিচালক রাজু চৌধুরীর 'রাজু আমার ভাই' ছবিতে।

এই ছবিতে আলেক একজন অ্যাকশন হিরোর ভূমিকায় অভিনয় করছেন। আলাপচারিতায় আলেক জানালেন— সমাজের কিছু খারাপ লোকদের অন্যায়ের প্রতিবাদ করাই আমার কাজ। আর আমার প্রতিবাদ কোনো অস্ত্র দিয়ে নয়, হাত দিয়ে। 'শুরু থেকেই আপনি অ্যাকশন ছবির হিরো হিসেবে কাজ করে আসছেন' আমার এই কথায় আলেক জানান, রোমান্টিক ছবির নায়কদের মতো আমি রোমান্টিক কথা বলতে পারি না। তাছাড়া মার্শাল আর্টের উপর আমার প্রশিক্ষণ থাকায় অ্যাকশনধর্মী ছবিতে কাজ করতে উৎসাহ পাই। তবে আলেক জানিয়েছেন— খুব শিগগিরই দর্শকরা তাকে রোমান্টিক একটি ছবিতে দেখতে পাবেন। ছবির নাম 'বিয়ের সানাই'। সম্পূর্ণ রোমান্টিক গল্প নির্ভর এই ছবিতে আলেক ছাড়াও অভিনয় করবেন— শাবনুর-রাজ্জাকের মতো রোমান্টিক ছবির অভিনয়শিল্পীরা। এই ছবিটি আলেকের প্রযোজনা সংস্থা মা মুভিজের ব্যানারে নির্মিত হবে বলে তিনি জানান। এই ছবিটি পরিচালনা করবেন রোমান্টিক ছবির এ সময়ের সবচেয়ে জনপ্রিয় নির্মাতা এফ. আই. মানিক। তবে এই ছবির শুটিংয়ের দিনক্ষণ এখনও চূড়ান্ত হয় নি।

আলেকের 'রাজু আমার ভাই' ছবিতে অভিনয় করছেন— নদী, প্রিন্স, শানু, বিজয়, মিশা সওদাগর, অন্তরা প্রমুখ। অ্যাকশনধর্মী এই ছবিটির গল্প তৈরি করেছেন কমল সরকার।



আমিন খান

এখন যে ছবিতে অভিনয় করছেন, চরিত্রটি সম্পর্কে বলুন।

আমি এখন 'অন্তরে প্রেমের আগুন' ছবিতে অভিনয় করছি। আমার বিপরীতে আছেন নায়িকা রেসি। আগেকার জমিদারেরা ইচ্ছা মারফিক কাজ করতেন। সেই অত্যাচারী জমিদারের ক্রীতদাস থাকি আমি। সে তার মেয়ের বয়সী একটি মেয়েকে ধরে এনে অসৎ কাজ করতে চায়। কিন্তু ঘটনাক্রমে সেই মেয়েটির সাথে আমার সম্পর্ক হয়।

আর কোন কোন ছবিতে অভিনয় করছেন?

এই ছবিটি ছাড়াও আমার হাতে আরো বেশ কয়েকটি ছবি আছে। এর মধ্যে আছে মঈন বিশ্বাসের 'ভুল সবি ভুল', স্বপন চৌধুরীর 'রাজু ওস্তাদ'। বাকি ছবিগুলোর নাম এখনো চূড়ান্ত হয় নি। নতুনদের সাথে আপনাকে বেশি অভিনয় করতে দেখা যায়।

আসলে চরিত্রের প্রয়োজনে নতুনদের সাথে আমাকে বেশি দেখা যায়। তবে নতুনরাও ভালো অভিনয় করে। কিন্তু নতুন হিসেবে তাদের যেটুকু সাপোর্ট দরকার তা তারা পায় না।

আগের চেয়ে এখন আপনার ব্যস্ততা বেড়েছে।

আসলে আমি রোমান্টিক ছবিতেই বেশি স্বাচ্ছন্দ্যও বোধ করি। এই ধারার ছবি এখন বেশি নির্মিত হচ্ছে। তাই ব্যস্ততা বেড়েছে।

'গরীবের ভালোবাসা'-র কাজ শেষ পর্যায়ে

ব্যবসা সফল ছবির নির্মাতা এফ. আই. মানিকের নতুন ছবি 'গরীবের ভালোবাসা'-র কাজ এখন শেষ পর্যায়ে। বর্তমানে ছবিটির বিভিন্ন গানের দৃশ্যের চিত্রায়ণ চলছে। সম্প্রতি দেখা গেল এফডিসির আউটডোরে ছবির একটি গানের দৃশ্যে অভিনয় করছেন শাকিব খান ও পূর্ণিমা। নির্মাতা মানিক জানালেন, এফডিসি ও এর বাইরের একাধিক স্পটে ছবিটির শুটিং হয়েছে। ছবির পুরো ইউনিটই ছবিটির শুটিং কাজে ভীষণ সহযোগিতা করেছে। তিনি আরো জানালেন, ধনী-গরীবের অসম প্রেমের রোমান্টিক একটি কাহিনী নিয়ে ছবিটি নির্মিত হয়েছে। বন্ধন বাণীচিত্রের ব্যানারে নির্মিত এ ছবিটির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন— রাজ্জাক, সুচরিতা, শাকিব খান, পূর্ণিমা, মিশা সওদাগর, খলিল, আফজাল প্রমুখ। ছবির সব গানের গীতিকার ও সুরকার আহমেদ ইমতিয়াজ বুলবুল।



সেদিনের এফডিসির পরিবেশটা ছিল কেমন যেন প্রাণহীন। আকাশে থোকা থোকা মেঘ আর গুড়ি গুড়ি বৃষ্টি। ফলে আবহাওয়াটাও কেমন যেন ম্যাডমেডে। তার প্রভাব পড়েছিল এফডিসিতে। অধিকাংশ শুটিং ফ্লোরই বন্ধ। কিন্তু তিন নম্বর ফ্লোরে গিয়ে এফডিসির প্রাণচাঞ্চলতা অনুভব করা গেল ষোল আনা। ভেতরে চলছিল 'অন্তরে প্রেমের আগুন' ছবির শুটিং। নাম শুনেই বোঝা যায় এটি একটি রোমান্টিক ছবি। ছবিটি পরিচালনা করছেন সাজেদুর রহমান সাজু। তিন নম্বর ফ্লোরে ঢুকতেই দেখা হলো তার সাথে। তিনি জানালেন, সেকালের জমিদারদের কার্যকলাপ নিয়ে গড়ে উঠেছে এই ছবির মূল গল্প। একই সাথে একটি রোমান্টিক প্রেমের সফল পরিণতি দেখানো হয়েছে একটু ভিন্নভাবে। ফ্লোরে ঢুকে দেখা গেল, ছবির নায়িকা রেসি ক্যামেরার সামনে দাঁড়িয়ে শট দিচ্ছেন। তার অঙ্গভঙ্গি দেখে মনে হলো, তিনি কোনো একজন ব্যক্তিকে প্রলুব্ধ করতে নানা

চেষ্টা করছেন। অনুমান সত্য বলে প্রমাণিত হলো, যখন দেখা গেল নারী লোলুপ জমিদার আহমেদ শরীফ রেসির সেই ডাকে সাড়া দিয়ে অসৎ উদ্দেশ্যে তার দিকে এগিয়ে আসছেন। ছবির আরেকটি দৃশ্য দেখা গেল, একদল ছেলের সাথে এড্ডু কিশোরের গাওয়া একটি গানের সাথে নেচে চলেছেন নায়ক আমিন খান। কিন্তু কিছুতেই তার সেই নৃত্যের দৃশ্য ওকে হচ্ছিল না। এ জন্যে আমিন খানও ছিলেন হতাশ। কয়েকবার প্রচেষ্টার ফলে আমিন খানের সেই নৃত্যের দৃশ্য ওকে হলো। এ ছবির নায়িকা রেসি জানালেন, তিনি যতগুলো ছবিতে এখন পর্যন্ত অভিনয় করেছেন সবগুলিই রোমান্টিক। তার ব্যতিক্রম ঘটে নি এই ছবিতেও। 'অন্তরে প্রেমের আগুন' ছবিতে বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন রুবেল, আমিন খান, রেসি, আহমেদ শরীফ, কাবিলা, আফজাল শরীফ, শিবা সানু প্রমুখ।

